# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**30-05-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ–

১) রাজ্যে জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে টিকাকরণ কর্মসূচি আজ শুরু হতে চলেছে। বিধাননগর মহকুমা হাসপাতালে এর সূচনা করবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

২) রাজ্য মন্ত্রিসভা আগামী সোমবার সম্প্রসারিত হতে চলেছে।

৩) পশ্চিমবঙ্গে আগামী পয়লা আগষ্ট জনগননার কাজ শুরু হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

দেশের ইতিহাসে এই প্রথম সম্পূর্ণ ডিজিট্যাল পদ্ধতিতে জনগণনার কাজ সম্পন্ন হবে।

৪) শহরাঞ্চলকে জঞ্জাল মুক্ত করতে রাজ্যে আজ চালু হচ্ছে স্বচ্ছ অ্যাপ।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামিকাল আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন।

৬) জিটিএ-র মাধ্যমে পাহাড়ে শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগে সিবিআই তদন্তের ব্যাপারে উদ্যোগী হয়েছে রাজ্য সরকার।

৭) কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজও ঝড়বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। কালবৈশাখীর তান্ডবে গতকাল দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ৮ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

---

জরায়ুমুখ ক্যান্সার এবং যৌনরোগ প্রতিরোধে রাজ্য সরকার, আজ টিকাকরণ কর্মসূচি শুরু করতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সকালে বিধাননগর মহকুমা হাসপাতালে এই কর্মসূচির সূচনা করবেন।

উল্লেখ্য, এই কর্মসূচীর আওতায়, ১৪ বছরের কিশোরীদের জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে বিনামূল্যে HPV টিকা দেওয়া হবে।

অন্যান্য কিছু রাজ্যে আগেই এই টিকাকরণ শুরু হলেও, পশ্চিমবঙ্গে এতদিন তা' হয়নি।

গত ২৮ শে ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশব্যাপী এই কর্মসূচির সূচনা করেছিলেন। ৭ লক্ষের বেশি এইচপিভি ভ্যাকসিন রাজ্যে পাঠানো হলেও বিগত সরকার টিকাকরণ চালু করেনি। অন্যান্য রাজ্যে এই টীকাকরণ কর্মসূচি প্রায় সম্পূর্ণ হয়ে গেলেও পশ্চিমবঙ্গে তা এখনো শুরু হয়নি।

এদিকে রাজ্যে, সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলে ছাত্রীদের সুবিধার্থে স্যানিটারি ন্যাপকিন ভেন্ডিং মেশিন চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কেন্দ্রীয় নগর উন্নয়ন মন্ত্রী মনোহরলাল খাট্টার আজ রাজ্যে এসে এই সংক্রান্ত ফাইলে সই করবেন।

এছাড়া, 'স্বচ্ছ ভারত মিশন' প্রকল্প চালুর জন্যে 'স্বচ্ছ ভারত অ্যাপ'-এরও তিনি সূচনা করবেন বলে নারী, শিশু বিকাশ ও সমাজ কল্যাণ দপ্তর সূত্রে জানা গিয়েছে।

---------------------------

রাজ্যে সরকার গঠনের একমাস পূর্ণ হওয়ার আগেই মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামী সোমবার পয়লা জুন , মন্ত্রিসভার সম্প্রসারন করতে চলেছে। ওইদিন সকাল ১১টায় লোক ভবনে হবে নতুন মন্ত্রীদের বহু প্রতীক্ষিত শপথগ্রহণ অনুষ্ঠান। রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি, নতুন মন্ত্রীদের শপথবাক্য পাঠ করাবেন বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে।

এবারের সম্প্রসারণে ৩৩ থেকে ৩৫ জন নতুন মন্ত্রী শপথ নিতে পারেন।

উল্লেখ্য, গত চৌঠা মে মুখ্যমন্ত্রীর সঙ্গে আরও পাঁচজন মন্ত্রী শপথ নিয়েছিলেন। তারপর থেকে গুরুত্বপূর্ণ দফতরগুলির অধিকাংশই ছিল মুখ্যমন্ত্রীর তত্ত্বাবধানে।

---------------------------

রাজ্যে আগামী পয়লা আগষ্ট জনগণনার কাজ শুরু হতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নবান্নে সাংবাদিকদের জানান, এই কাজ হবে দু-দফায়। প্রথম দফায় ১ থেকে ১৫ই আগষ্ট ‘সেলফ এনিউমিরেশনে’র কাজ চলবে। এরপর ১৬ই আগষ্ট থেকে ১৪ই সেপ্টেম্বর পর্যন্ত বাড়ি বাড়ি গিয়ে গননার কাজ হবে। প্রথম পর্বে মোবাইল অ্যাপ এর মাধ্যমে ডিজিট্যালি ৩৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। দ্বিতীয় পর্বে আগামী বছর ফেব্রুয়ারী মাসে একুশ দিন ‘পপুলেশন এনিউমিরেশনে’র কাজ চলবে।

এদিকে, জনগণনা শুরুর আগে সীমান্তবর্তী এলাকাগুলিতে জনবিন্যাসের পরিবর্তন নিয়ে উদ্বেগ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী। তিনি দাবি করেন, পশ্চিমবঙ্গে জনগণনার তথ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই রাজ্যের সঙ্গে বাংলাদেশের প্রায় ২,২১৬ কিলোমিটার দীর্ঘ আন্তর্জাতিক সীমান্ত রয়েছে। কিন্তু এই সীমান্ত এলাকায়

এতোদিন পর্যাপ্ত কাঁটাতার না থাকা এবং সীমান্তরক্ষী বাহিনী BSF-কে জমি না দেওয়ার ফলে জনবিন্যাসে উল্লেখযোগ্য পরিবর্তন ঘটেছে। সীমান্তবর্তী এলাকায় বহু মানুষের বসবাস শুরু হয়েছে, যাঁরা ভারতীয় নাগরিক'ই নন। জনগণনার সময় প্রয়োজনীয় নথিপত্র ও তথ্য জমা দেওয়ার ক্ষেত্রে তাঁদের সমস্যা হবে বলেও দাবি করেন মুখ্যমন্ত্রী।

উল্লেখ্য, এসংক্রান্ত তথ্য ও অভাব অভিযোগ জানানোর জন্য দেশজুড়ে চালু হয়েছে ২৪ ঘণ্টার টোল-ফ্রি নম্বর-১৮৫৫। পশ্চিমবঙ্গে জনগণনা পরিচালন দফতরের ওয়েবসাইটে পাওয়া যাবে বিস্তারিত তথ্য। এর ল্যান্ডলাইন নম্বর ০৩৩-২৩৩৫-৯৫০৩।

এদিকে, রাজ্যের জনগণনা অধিকর্তা ডঃ রশ্মী কমল জানিয়েছেন, দেশের ইতিহাসে এই প্রথম সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে জনগণনা হতে চলেছে। পাশাপাশি প্রথমবার সাধারণ মানুষের জন্য চালু করা হচ্ছে স্ব-গণনা বা 'সেলফ-এনুমেরেশন'-এর সুযোগ। ডঃ কমল জানান, জনগণনার সম্পূর্ণ প্রক্রিয়া শেষ হবে ২০২৭ সালের ২৮ ফেব্রুয়ারি মধ্যরাতে। জনগণনার রেফারেন্স ডেট নির্ধারণ করা হয়েছে ২০২৭ এর পয়লা মার্চ ।

---------------------------

রাজ্যে শহরাঞ্চল গুলিকে দ্রুত জঞ্জাল মুক্ত করতে আজই চালু হচ্ছে স্বচ্ছ অ্যাপ। যত্রতত্র জমে থাকা জঞ্জালের ছবি তুলে পাঠালেই এই অ্যাপের মাধ্যমে তা জানা যাবে এবং যত শীঘ্র সম্ভব সেগুলি পরিষ্কার করার ব্যবস্থা করবে পুরসভা। পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল গতকাল সাংবাদিকদের একথা জানান।

বাইট

এছাড়া রাজ্য সরকার, আসানসোল, শিলিগুড়ি, তমলুক ও নবদ্বীপে চারটি নতুন স্মার্ট সিটি এবং উত্তরবঙ্গে আরো চারটি অত্যাধুনিক শহর নির্মাণের পরিকল্পনা করছে।

অগ্নিমিত্রা পাল বলেন, কেন্দ্রীয় নগর উন্নয়ন মন্ত্রী মনোহর লাল আজ রাজ্যে আসছেন। তাঁর সঙ্গে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হবে। এছাড়াও প্রতিটি স্কুলে পরিষ্কার নিকাশি ব্যবস্থা সহ উন্নত মানের শৌচাগার গড়ে তোলা হবে।

---------------------------

বিজেপি বাংলায় শিল্পায়নের লক্ষ্যে টাটা সংস্থাকে আবার ফিরিয়ে আনার উদ্যোগ নিয়েছে। কলকাতায় গত সন্ধ্যায় বণিক সভা মার্চেন্ট চেম্বার অফ কমার্সের পক্ষ থেকে এক সংবর্ধনা অনুষ্ঠানে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন,বাংলার উন্নয়নের একমাত্র পথ শিল্পায়ন। তিনি অভিযোগ করেন,২০০৮ সালের ৩রা অক্টোবর টাটা গোষ্ঠী বাংলা ছাড়তে বাধ্য হয়েছিল। প্রয়াত শিল্পপতি রতন টাটা অনেক আক্ষেপ নিয়ে বাংলা ছেড়ে চলে গিয়েছিলেন। বাংলার মানুষ আজও সেই ক্ষত ভুলতে পারেনি। টাটা ফিরলে বাংলায় শিল্প ও কর্মসংস্থান ফিরবে এবং পশ্চিমবঙ্গ আবারও এগিয়ে যাবে বলে শ্রী ভট্টাচার্য আশা প্রকাশ করেন।

---------------------------

দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য প্রস্তুতকারী সংস্থা আমূল, রাজ্যে সাড়ে ছ'শো কোটি টাকা বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। ওই টাকায় সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে একটি প্ল্যান্ট তৈরি করা হবে বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে।

উল্লেখ্য, বর্তমানে রাজ্যে আমুলের দৈনিক ১১ লক্ষ লিটার দুধ বিক্রি হয়। নতুন এই প্ল্যান্ট তৈরি হলে দুগ্ধ প্রক্রিয়াকরণের পাশাপাশি দৈনিক ১০ লক্ষ কেজি দই উৎপাদন'ও সম্ভব হবে।

---------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩১ শে মে, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৪-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

---------------------------

রাজ্য সরকার, গোর্খাল্যান্ড আঞ্চলিক প্রশাসন (জিটিএ)-এর মাধ্যমে পাহাড়ে শিক্ষক নিয়োগে ব্যাপক দুর্নীতির অভিযোগে সিবিআই তদন্তের ব্যাপারে উদ্যোগী হয়েছে। নবান্নে গতকাল পাহাড় নিয়ে এক উচ্চপর্যায়ের বৈঠকের পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেন, পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকারের আমলে হওয়া শিক্ষক নিয়োগ কেলেঙ্কারি সংক্রান্ত মামলায় রাজ্য সরকার আর বাধা হয়ে দাঁড়াবে না।

তাঁর দাবি, জিটিএ-র অধীনে ৪০০-রও বেশি শিক্ষক পদে অবৈধ নিয়োগ করা হয়েছিল। সেই অভিযোগের ভিত্তিতে কলকাতা হাইকোর্ট সিবিআই তদন্তের নির্দেশ দেয়।

কিন্তু তৎকালীন রাজ্য সরকার সুপ্রিম কোর্টে ওই তদন্তের উপর স্থগিতাদেশ আনায় তদন্ত কার্যত থমকে যায়।

বাইট

মুখ্যমন্ত্রী, মুখ্যসচিব মনোজ আগরওয়ালকে ইতিমধ্যেই এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন।

এদিকে, শুধু শিক্ষক নিয়োগ নয়, জিটিএ-র একাধিক প্রকল্পে আর্থিক অনিয়মের অভিযোগও সামনে এসেছে। গোর্খা জনমুক্তি মোর্চার পক্ষ থেকে অমৃত প্রকল্পে প্রায় ১২০০ কোটি টাকার জল সরবরাহ প্রকল্পে দুর্নীতির অভিযোগ জানানো হয়েছে বলে দাবি করেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি জিটিএ-র সাধারণ প্রশাসনিক কাজকর্ম নিয়েও একাধিক অভিযোগ জমা পড়েছে।

এই পরিস্থিতিতে পৃথক তদন্তেরও নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। স্বরাষ্ট্র দফতরের অধীনে একটি বিশেষ অনুসন্ধানকারী দল গঠন করে সাত দিনের মধ্যে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

--------------------------

নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত রাজ্যের প্রাক্তন দমকল মন্ত্রী সুজিত বসু, তাঁর গ্রেপ্তারকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন। কিন্তু বিচারপতি শম্পা দত্ত পালের বেঞ্চ তাঁকে অব্যাহতি দেয়নি। বিচারপতি জানিয়েছেন, কলকাতা হাইকোর্টের নিয়মিত বেঞ্চে এই মামলার শুনানি হবে এবং ইডিকে উপযুক্ত নথিপত্র পেশ করতে হবে আদালতে।

--------------------------

চন্দননগরে মেয়র রাম চক্রবর্তী সহ ৩০ জন কাউন্সিলার পদত্যাগ করায় পুরবোর্ড ভেঙে দেওয়া হয়েছে। পুরনিগমের ৩৩ টি ওয়ার্ডের মধ্যে ৩১ টি তে জিতেছিল তৃণমূল কংগ্রেস এবং দুটিতে সিপিআইএম। মেয়র সহ ৩০ টি ওয়ার্ডের কাউন্সিলার গণ ইস্তফা দেন।

এদিকে ভদ্রেশ্বর পুরসভার উপ পৌরপ্রধান ফিরোজ খানকে পুলিশ গ্রেপ্তার করেছে. কি কারণে এই গ্রেপ্তার, তা অবশ্য স্পষ্ট নয়। তবে তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ছিল। পৌর প্রধান সহ ৯ জন কাউন্সিলার পদত্যাগ করায় সেখানেও বোর্ড ভেঙে যাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে।

---------------------------

দক্ষিণ ২৪ পরগনার জয়নগর থানার বারুইপুর পূর্ব বিধানসভার নারায়ণীতলা গ্রাম পঞ্চায়েতে সরকারি ত্রাণ সামগ্রী মজুত ও দুর্নীতির অভিযোগে চাঞ্চল্য ছড়িয়েছে। গ্রেপ্তার করা হয়েছে প্রাক্তন প্রধান অশোক সাহা, তাঁর ভাই রথীন সাহা এবং দুই সদস্য চন্দ্রিমা ঘোষ ও সীমা ঘোষকে।

উল্লেখ্য, স্থানীয় বাসিন্দা ও বিজেপি কর্মী-সমর্থকদের অভিযোগ, পঞ্চায়েতের প্রাক্তন প্রধান ও বর্তমান সদস্যদের সঙ্গে সম্পর্ক যুক্ত একাধিক ব্যক্তি, সরকারি ত্রাণ সরঞ্জাম গুদামে লুকিয়ে রেখেছিলেন। সেই অভিযোগের ভিত্তিতে জয়নগর থানার পুলিশ বাহিনী বিভিন্ন বুথ ও গুদামে তল্লাশি অভিযান চালায়। সেখান থেকে উদ্ধার হয় সরকারি ত্রাণ সামগ্রী, ধান ঝাড়া মেশিন-সহ একাধিক সরকারি জিনিস।গ্রেপ্তার করা হয় ওই চার জন কে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

---------------------------

উত্তর ২৪ পরগণার টিটাগড় পুরসভার ভাইস চেয়ারম্যান ও প্রাক্তন পুরপ্রধান সহ মোট ৬’জন কাউন্সিলর পদত্যাগ করেছেন। তারা গতকাল একসঙ্গে মহকুমাশাসকের কাছে ইস্তফাপত্র পেশ করে জানান, সাধারণ মানুষের স্বার্থে তারা ঠিকমতো কাজ করতে পারছিলেন না। তাঁদের আরো অভিযোগ, সাম্প্রতিক নির্বাচনের ফল প্রকাশের পর থেকে দলের রাজ্য বা জেলা স্তরের শীর্ষ নেতৃত্ব তাঁদের সঙ্গে কোনোরকম যোগাযোগ রাখেনি।

উল্লেখ্য, ২৩ ওয়ার্ডের টিটাগড় পুরসভায় বর্তমানে ২১ জন কাউন্সিলার রয়েছেন। এর আগে মৃত্যু হয় দুজনের।

--------------------------

রাজ্যের নতুন অ্যাডভোকেট জেনারেল হচ্ছেন কলকাতা হাইকোর্টের আইনজীবী সুরজিত্ নাথ মিত্র। রাজ্যের তরফে গতকাল এই মর্মে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাজ্যপাল আর এন রবি, সুরজিত্ বাবুকে নতুন অ্যাডভোকেট জেনারেল বা মুখ্য আইনী পরামর্শদাতা হিসাবে নিযুক্ত করেছেন।

উল্লেখ্য সরকার বদলের পর আইনজীবী কিশোর দত্ত অ্যাডভোকেট জেনারেলের পদ থেকে সরে দাঁড়ান।

প্রায় চার দশক ধরে কলকাতা হাইকোর্টের আইনজীবী হিসাবে কর্মরত সুরজিত্ বাবু।

উল্লেখ্য, রাজ্য সরকার, আইনজীবী বিল্বদল ভট্টাচার্য ও আইনজীবী রাজদীপ মজুমদারকে  অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল হিসাবে নিযুক্ত করেছে।

--------------------------

কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজও ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

উত্তরবঙ্গে সোমবার পর্যন্ত বৃষ্টির পরিমাণ কিছুটা কম থাকবে তবে মঙ্গলবার থেকে হিমালয় সন্নিহিত ৫ জেলায় আবার বৃষ্টির পরিমাণ বাড়বে বলেও তিনি জানান।

এদিকে কলকাতা সহ দক্ষিনবঙ্গের বিভিন্ন জেলায় গতকালের ঝড় বৃষ্টিতে তাপমাত্রা আজ এক ধাক্কায় অনেকটা কমেছে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ৪ দশমিক দুই ডিগ্রি কম।

অন্যদিকে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় গতকাল দুপুরের পর কালবৈশাখীর ঝড়ের তাণ্ডবে এ পর্যন্ত ৮ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

এদের মধ্যে পুরুলিয়ায় ৩, এবং কলকাতা ও পশ্চিম মেদিনীপুরে ২ জন করে এবং ঝাড়গ্রামে ১ জন প্রাণ হারিয়েছেন।

-------------------------- --------------------------